# উপজেলা পরিষদ কার্যালয়
## তাড়াইল, কিশোরগঞ্জ

বিষয় ঃ ডিসেম্বর/২০২৫ (বিবেচ্য নভেম্বর/২০২৫) মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ তানজিলা আখতার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

সভার তারিখ ও সময় ঃ ২২/১২/২০২৫ খ্রি., বেলা-১২.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত নভেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত (বিবেচ্য মাস অক্টোবর/২০২৫) উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর, নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| বিভাগ/অফিস | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি জানান, সরকার ঘোষিত টাইফয়েডের টিকা কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক প্রেরিত কার্যপত্র অনুযায়ী ডিসেম্বর/২০২৫ মাস পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা ৩২২৬২ জন, মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৫০৪৯ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৭৮.৫৩। ডিসেম্বর/২০২৫ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ০০ জন মহিলা ৭জন, আইইউডি ১জন, ইমপ্লান্ট ১৬জন, খাবার বড়ি সেবনকারী ১১৬জন, কনডম গ্রহণকারী ৫৮জন, ইনজেকশন গ্রহণকারী ৬৩ জন, মোট গর্ভবতীর সংখ্যা ১০৫ জন, গর্ভকালীন সেবা গ্রহণকারী ৪৭৫ জন, প্রসব সেবা ১০৫ জন, প্রসবোত্তর সেবা গ্রহণকারী ১৬৩ জন, শিশু সেবাগ্রহণকারী ২৪৪৪ জন, ইসিপি ০০ জন, কিশোর/কিশোরী সেবা ৫৮৬৯ জন, পুষ্টি সেবা ২৭৮৫ জন, সাধারণ পুরুষ রোগী সেবাগ্রহণকারী ৯৫৫ জন ও সাধারণ মহিলা রোগী সেবাগ্রহণকারী ২০২৫ জন, মিসোপ্রোষ্টল ৬জন। এছাড়া জনবল স্বল্পতা নিয়েও জন্মনিয়ন্ত্রণ সেবা, মা ও শিশু স্বাস্থ্য সেবা, গর্ভকালীন সেবা, প্রসব সেবা, কিশোর-কিশোরী সেবা বৃদ্ধিকরণসহ কোভিড-১৯সহ অন্যান্য রোগের বিস্তার রোধে জনসচেতনতা বৃদ্ধিতে কাজ করা হচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্রগুলোতে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চয়তাসহ আসবাবপত্র সরবরাহের জন্য সভায় অনুরোধ জানান। | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্রগুলোতে প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে বোরো মৌসুমে বীজতলার আবাদ হয়েছে ৫৪৮ হে. জমিতে। মোট বোরো আবাদ হয়েছে ৫০ হে. জমি। সরিষা আবাদ হয়েছে ১০০৫ হে.। সবজি আবাদ হয়েছে ১৪৯৫ হে.। এছাড়া গোল আলু ১০০ হে. জমিতে, ভুট্টা ৬০ হে. জমিতে, মরিচ ২৭০ হে. জমিতে আবাদ হয়েছে। রবি অন্যান্য ফসলের আবাদ সন্তোষজনক। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার, বীজ ও বালাইনাশক এর মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। সার ও কীটনাশকের দোকান নিয়মিত মনিটরিং করা হচ্ছে। সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে মর্মে অবহিত করা হয়। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| প্রাণিসম্পদ বিভাগ | সভায় উপস্থিত ভেটেরিনারী সার্জন বলেন, তার অফিসের সামনের রাস্তা ভাঙ্গা-যা সংস্কার করা এবং অফিসের নিরাপত্তার স্বার্থে বাউন্ডারী করা প্রয়োজন। তাছাড়া, উপজেলা প্রাণিসম্পদ অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | রাস্তা সংস্কারের বিষয়টি অধিদপ্তরে বাস্তবায়নাধীন আছে এবং অফিসের বাউন্ডারীর জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট বরাদ্দ প্রদানের লক্ষ্যে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| স্থানীয় সরকার | উপজেলা প্রকৌশলী জানান যে, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ | ১। আসন্ন জাতীয় সংসদ | উপজেলা নির্বাহী |

TN

<table>
<tr>
<td>প্রকৌশল বিভাগ</td>
<td>উপলক্ষ্যে ভোট কেন্দ্র কানেক্টিভিটি রাস্তা সমূহ মেরামত/উন্নয়ন করার জন্য উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, তাড়াইল কর্তৃক নং-১৭.০৯.৪৮৯২.০০০.৩৬.০৩৬.০০০১.২৫-৪০৩, তাং-২২/১২/২০২৫ খ্রি. স্মারক মূলে নিম্নের রাস্তা সমূহ সংস্কারের চাহিদা পাওয়া যায়-<br><br>
<table>
<tr><th>ক্র</th><th>কেন্দ্রের নাম</th><th>রাস্তার নাম</th><th>পদ্ধতি</th></tr>
<tr><td rowspan="2">১</td><td rowspan="2">রতনপুর/আজমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়</td><td>ক) আজমপুর-রতনপুর রাস্তা</td><td>PIC</td></tr>
<tr><td>খ) বসন্তকুমার বাড়ী হতে-মড়ালবাড়ী খাল</td><td>PIC</td></tr>
<tr><td>২</td><td>করাতি সিংধা সরকারি প্রাথমিক বিদ্যালয়</td><td>করাতি সিংধা সরকারি প্রাথমিক বিদ্যালয় সংযোগ রোড</td><td>PIC</td></tr>
<tr><td>৩</td><td>মাগুরী সরকারি প্রাথমিক বিদ্যালয়</td><td>মাগুরী সরকারি প্রাথমিক বিদ্যালয় সংযোগ রোড</td><td>PIC</td></tr>
<tr><td>৪</td><td>তাড়াইল সাচাইল ওয়ার্ড-৯</td><td>শামুকজানী নুরে জান্নাত হাফিজিয়া মাদ্রাসা রাস্তা সংস্কার</td><td>PIC</td></tr>
</table>
<br>
উক্ত স্কীমসমূহ উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে অনুমোদনের জন্য প্রশাসক, উপজেলা পরিষদ মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br><br>
২। উপজেলা প্রকৌশলী, তাড়াইল, কিশোরগঞ্জ বলেন এলজিইডি'র অধীন জলবায়ু ও দুর্যোগ সহনশীল ক্ষুদ্রকার পানিসম্পদ ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য তাড়াইল-সাচাইল ইউনিয়ন চেয়ারম্যান সাচাইল ইউনিয়নের ধলেশ্বরী খাল ও তালজাঙ্গা ইউনিয়নের তালজাঙ্গা বড়খাল খননের উপ-প্রকল্পের প্রস্তাব প্রেরণের জন্য প্রস্তাব করেন। যেন আগাম বন্যার ক্ষতি থেকে ফসলি জমি রক্ষা পায়। প্রস্তাব পরিষদের সমন্বয় সভায় গৃহীত হলে প্রস্তাবিত উপ-প্রকল্পগুলো প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।<br><br>
৩। উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পুরাতন বিধায় বর্তমানে ব্যবহার উপযোগিতা নেই। প্রায়শই প্লাস্টার খসে খসে পড়ছে। তাই এখানে বসবাস ঝুঁকিপূর্ণ বিধায় ভবনটি বসবাসের অনুপযোগী বিধায় কনডেম ঘোষণা করার জন্য সভায় প্রস্তাব রাখেন। সে সাথে নতুন বাসভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে প্রস্তাব প্রেরণের জন্য অভিমত ব্যক্ত করেন। অপরদিকে বাসভবনের পাশের কর্মচারীদের আবাসন হিসেবে বিদ্যমান ২টি দ্বিতল বাসভবনও বসবাসের অনুপযোগী বিধায় কনডেম ঘোষণা করার জন্য প্রস্তাব রাখেন।<br><br>
৪। উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবন এর নিরাপত্তার স্বার্থে সীমানা প্রাচীর প্রয়োজন।<br><br>
৫। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের "দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প" এর আওতায় বহুতল মার্কেট ভবন নির্মাণের জন্য "তাড়াইল বাজার" প্রস্তাব করার জন্য সুপারিশ করা হয়।<br><br>
সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।</td>
<td>নির্বাচন-২০২৬ উপলক্ষ্যে ভোট কেন্দ্রের কানেক্টিভিটি রাস্তা সমূহ মেরামত/উন্নয়ন করার জন্য অগ্রাধিকার ভিত্তিতে বর্ণিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>
২। জলবায়ু ও দুর্যোগ সহনশীল ক্ষুদ্রকার পানিসম্পদ ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য তাড়াইল-সাচাইল ইউনিয়ন চেয়ারম্যান সাচাইল ইউনিয়নের ধলেশ্বরী খাল ও তালজাঙ্গা ইউনিয়নের তালজাঙ্গা বড়খাল খননের উপ-প্রকল্পের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>
৩। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পুরাতন এবং জড়াজীর্ণ বিধায় ভবনসহ ভবনের পাশের দুটি দ্বিতল ভবন কনডেম ঘোষণা করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। সে সাথে নতুন বাসভবন নির্মাণের লক্ষ্যে প্রস্তাব প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>
৪। উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবন এর নিরাপত্তার স্বার্থে সীমানা প্রাচীর নির্মাণের নিমিত্ত বরাদ্দ চেয়ে পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>
৫। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের "দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প" এর আওতায় বহুতল মার্কেট ভবন "তাড়াইল বাজার" নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ<br><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি</td>
</tr>
<tr>
<td>শিক্ষা বিভাগ</td>
<td>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, তাড়াইল উপজেলায় মিডডে মিল চালু হয়েছে, বর্তমানে ছাত্রছাত্রীদেরকে প্রাণের দুধ বিতরণ করা হচ্ছে। সরকারি নির্দেশনা অনুযায়ী বিদ্যালয় নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। বেইজলাইন অনুযায়ী শিখন ঘাটতি নিরূপনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থী উপস্থিতি কার্যক্রম জোরদার করা হচ্ছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ সম্পন্ন হয়েছে। অফিসের অন্যান্য কাজ চলমান আছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা শিক্ষা কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>মৎস্য বিভাগ</td>
<td>সভায় উপস্থিত উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, নিয়মিত মৎস্য চাষীদের মাছ</td>
<td>সুষ্ঠুভাবে সকল কার্যক্রম</td>
<td>উপজেলা</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | চাষ পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদান করা হয়। নিয়মিত মৎস্য খামার পরিদর্শন করা হয়। মৎস্য খাদ্য লাইসেন্স নবায়ন করা হচ্ছে। তাছাড়া, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | মৎস্য অফিসার |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, এ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ঋণের পরিমাণ ৩,২২,৭৮,০০০/- টাকা ১০৪৭ জনকে প্রদান করে হয়েছে। বিবেচ্য মাসে ঋণ বিতরণের পরিমাণ ২,০০,০০০/- টাকা এবং এ মাসে আদায়ের পরিমাণ ১,২১,১৩০/- টাকা। আদায়ের হার ৭৪.১৭%। এ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত ৮৫৭৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাড়াইল উপজেলায় ৪২টি যুব সংগঠন রয়েছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন, ৬টি প্রকল্পের অধীনে এ পর্যন্ত ১০,৩২,৫৬,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে, এ পর্যন্ত ৮,৯১,৩৭,০০০/- টাকা আদায় করা হয়েছে এবং ১,৪১,১৯,০০০/- টাকা বকেয়া রয়েছে। বিবেচ্য মাসে ২৬,৬০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ২৯,৫৪,০০০/- টাকা আদায় করা হয়েছে। তিনি আরো বলেন, এ পর্যন্ত ৩১ জন বীর মুক্তিযোদ্ধাদের মাঝে ৩০,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। অনাদায়ী ঋণের পরিমাণ ৭,০০,০০০/- টাকা। ঋণ আদায় কার্যক্রম সন্তোষজনক না হলে পরবর্তীতে ঋণের জন্য বরাদ্দ কমে যাবে। সভায় এতদবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | যে সকল বীর মুক্তিযোদ্ধাগণ নিয়মিত ঋণ পরিশোধ করছেন না তাঁদের তালিকা উপজেলা সমাজসেবা অফিসারের নিকট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান, তাড়াইল উপজেলায় ৬টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে ৪টি আশ্রয়ণ প্রকল্পে ঋণ বিতরণ কার্যক্রম চলমান আছে। বর্তমানে তার অফিসে নতুন জনবল পদায়ন করায় আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম বেগবান হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত টাকা/খাদ্য শস্যের বিপরীতে উপজেলা কমিটিতে অনুমোদিত প্রকল্প তালিকা জেলা কমিটিতে অনুমোদন সাপেক্ষে ১ম কিস্তির বিল প্রদান করা হয়েছে। প্রকল্পের কাজ সমাপ্তি সাপেক্ষে চূড়ান্ত বিল প্রদান করা হচ্ছে। কাজের অগ্রগতি-কাবিখা/কাবিটায় ১,০০,৫১,৯৩৭/৯০ টাকা, ৫৯.৯১২ মে.ট. চাল ও ৫৯.৯১২ মে.ট. গম মোট ৪৫টি প্রকল্প এর মধ্যে এ পর্যন্ত ৮৫% কাজ এবং টিআর ৮৫,০৪,৭১৫/১০ টাকা বরাদ্দ এর মধ্যে ৮৫% কাজ সমাপ্ত হয়েছে। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) ২য় পর্যায় ৫৮,১৬,০৩৭৮/৯০ টাকা, ৩৪.৬৯০ মে.ট. চাল ও ৩৪.৬৯০ মে.ট. গম বরাদ্দ এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ২য় পর্যায়ে ৪০,৬২,৩৫১/৭৩ টাকা বরাদ্দ পাওয়া গেছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ইতোমধ্যে ইউনিয়ন ওয়ারী উপ-বরাদ্দ বিভাজন করা হয়েছে। জাতীয় সংসদ নির্বাচন কেন্দ্রে যাওয়ার রাস্তা সংস্কার/নির্মাণের বিষয়গুলো অগ্রাধিকার দিয়ে প্রকল্পের প্রস্তাব প্রেরণের জন্য সকল চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| মহিলা বিষয়ক বিভাগ | ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ চক্রের উপকারভোগীদের মাঝে নভেম্বর/২০২৫ মাসের খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। নির্বাচিত উপকারভোগীগণ জনপ্রতি মাসিক ৩০ কেজি হারে ২ বছর (খাদ্য শষ্য) সুবিধা প্রাপ্য হবেন। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় ৭টি ইউনিয়নে ৭টি ক্লাব রয়েছে। প্রতিটি ক্লাবে ১ জন সংগীত, ১ জন আবৃত্তি শিক্ষক এবং ১ জন জেন্ডার প্রমোটার নিয়োজিত আছে। ২০২৬ সালে কিশোর কিশোরী ক্লাবের সদস্য সংগ্রহ কার্যক্রম চলমান আছে। ২১০জন সদস্য রয়েছে। নারী শিশু নির্যাতন যৌতুক নিরোধ, পাচার, বাল্য বিবাহ প্রতিরোধে দিগদাইড় ইউনিয়নে জনসচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে। মাসিক স্টাফ মিটিং করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে ইউনিয়ন ওয়ারী প্রতিমাসে ১৫টি করে কার্ড বরাদ্দ রয়েছে। বর্তমানে ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের মাধ্যমে অনলাইনে ভাতাভোগীদের আবেদন গ্রহণ কার্যক্রম চালু রয়েছে। ইউনিয়ন পর্যায়ে প্রতি মাসের ২০ তারিখের মধ্যে অনলাইনে আবেদন কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে | পাবলিক টয়লেট বানাইল | সহকারী |

| | | | |
|---|---|---|---|
| | চালু রয়েছে। তাড়াইল উপজেলার বাজারসমূহে একটি আধুনিক মানসম্মত পাবলিক টয়লেট নির্মাণের বরাদ্দ পাওয়া গিয়েছে। তিনি ইউপি চেয়ারম্যানগণের সাথে আলোচনা করে বানাইল বাজারে নির্মাণের বিষয়ে প্রস্তাব রাখেন। | বাজারে নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগ |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস হতে কোন কার্যপত্র পাওয়া যায়নি বিধায় উক্ত অফিসের কোন বক্তব্য জানা গেলা না। উপজেলা মাধ্যমিক অফিসার বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | নিয়মিতভাবে সভার কার্যপত্র যথাসময়ে প্রেরণসহ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক অফিসার |
| ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | উপজেলা ইন্সট্রাক্টর জানান, বর্তমানে প্রশিক্ষণ খাতে বরাদ্দ না থাকায় টিচারদের প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ আছে। তার অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | ইন্সট্রাক্টর, ইউআরসি |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক। তিনি বলেন, তাড়াইল উপজেলায় ২টি এতিমখানা মাদ্রাসা রয়েছে-সেখানে শীতের কম্বল বিতরণ করার জন্য অনুরোধ করেন। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। ১টি এতিমখানায় ইতোমধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে এবং অন্যটিতে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| বন বিভাগ | উপজেলা ফরেস্টার বলেন, তাড়াইল উপজেলায় তারুণ্য উৎসব ২০২৫ এর কার্যক্রম হিসেবে বিবেচ্য মাসে সহিলাটি উচ্চ বিদ্যালয় ও দিগদাইড় ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ে ইউএনও মহোদয়ের মাধ্যমে ১০০ ফলজ ও বনজ গাছ রোপন করা হয়েছে। তার অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেস্টার |
| খাদ্য নিয়ন্ত্রণ বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| বিবিধ | সভাপতি বলেন, তাড়াইল উপজেলায় মহান বিজয় দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। সরকারিভাবে যে অর্থ বরাদ্দ প্রদান করা হয় তাতে দিবসের সকল ব্যয় মিটানো সম্ভব হয় না। তাই উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৩০,০০০/- টাকা উত্তোলনের জন্য প্রস্তাব রাখেন।<br><br>তিনি বলেন, উপজেলা পরিষদকে আরো সুন্দর ও প্রাণবন্ত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। তিনি উপজেলা পরিষদের অভ্যন্তরে বা বাহিরে সকল অফিস আঙ্গিনা নিজ দায়িত্বে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ জ্ঞাপন করেন। তিনি উপজেলাসহ সকল ইউনিয়নে এক সাথে সপ্তাহ ব্যাপী পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার জন্য অনুরোধ করেন। সেবা নিতে আসা জনগণকে স্বচ্ছতা ও আন্তরিকতার সাথে সেবা প্রদানের জন্য সকল বিভাগের কর্মকর্তা ও জনপ্রতিনিধিদেরকে নির্দেশনা প্রদান করেন। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের সকলকে আন্তরিকতার সাথে কাজ করার জন্য অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মহান বিজয় দিবস ২০২৫ এর ব্যয় মিটানোর নিমিত্ত ৩০,০০০/- টাকা উত্তোলনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। উপজেলাসহ সকল ইউনিয়নে এক সাথে সপ্তাহ ব্যাপী পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ<br><br>সকল বিভাগের অফিস প্রধান<br><br>সকল ইউপি চেয়ারম্যান |

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করা হয়।

22/12/25

(তানজিলা আখতার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

CamScanner

স্মারক নং-০৫.৪১.৪৮৯২.০০০.০০.০১.২৫-১৩১০ তারিখ-২২/১২/২০২৫ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

০১। সচিব, স্থানীয় সরকার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।

০৫। উপজেলা ...................................................... কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ এবং সদস্য, উপজেলা পরিষদ।

০৬। চেয়ারম্যান (সকল) .......................................ইউনিয়ন পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ এবং সদস্য, উপজেলা পরিষদ।

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

CamScanner